গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৪.১৫-৫৬০

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩২ / ৩০ জুলাই, ২০২৫

বিষয়ঃ ইউনিয়ন পরিষদসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে, বাংলাদেশে বর্তমানে ৪৫৮১টি ইউনিয়ন পরিষদ রয়েছে। সরকারের উন্নয়ন কার্যক্রম হতে শুরু করে সকল সেবা গ্রহণের প্রাথমিক আশ্রয়স্থল ইউনিয়ন পরিষদ। ইউনিয়ন পরিষদসমূহ নাগরিকদের গুরুত্বপূর্ণ সেবা প্রদান করে থাকে। জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছানোর লক্ষ্যে সরকার ইউনিয়ন পরিষদগুলোতে ইউনিয়ন ডিজিটাল সেন্টার স্থাপন করেছে। ডিজিটাল সেন্টারগুলো হতে নাগরিকগণ ১১২ ধরনের সেবা পেয়ে থাকে। প্রতিটি ইউনিয়ন পরিষদের নিজস্ব একটি ওয়েবসাইট রয়েছে। কিন্তু ওয়েবসাইটে হালনাগাদ তথ্য না থাকার কারণে বিড়ম্বনার সৃষ্টি হচ্ছে। নিয়মিত হালনাগাদ না করার কারণে পরিষদগুলোর ওয়েবসাইটে হালনাগাদ তথ্য পাওয়া যায় না। পাশাপাশি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক, সদস্য ও ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তাদের নামের তালিকাও ইউনিয়ন পরিষদের ওয়েবসাইটে হালনাগাদ থাকে না। তাছাড়া বর্তমান সরকারের কার্যক্রমের ভিত্তিতে ওয়েবসাইট হালনাগাদ করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, ইউনিয়ন পরিষদসমূহের ওয়েবসাইটে হালনাগাদ তথ্য উপস্থাপনের জন্য তার জেলাধীন ইউনিয়ন পরিষদসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০/৭/২০২৫
(মো: নূরে আলম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৩৯৪
Email: lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক (সকল)

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
গাইবান্ধা
(স্থানীয় সরকার শাখা)
www.gaibandha.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৩২০০.০৭০.১৮.০০৩.২০২৫.৫৫৪

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩২ / ১০ আগস্ট ২০২৫

অনুলিপি অবগতি এবং পত্রের আলোকে তার আওতাধীন ইউনিয়ন পরিষদসমূহের ওয়েবসাইট হালনাগাদপূর্বক তার তথ্য আগামী সাত কার্যদিবসের মধ্যে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১০/০৮/২৫
(সুকান্ত কুন্ডু)
সহকারী কমিশনার
স্থানীয় সরকার শাখা

উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাইবান্ধা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে
০১। সহকারী কমিশনার (গোপনীয় শাখা), জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, গাইবান্ধা।
০৩। অফিস কপি।